

পরিপত্র

বিষয়: করোনা (COVID-19) ভাইরাস এর সংক্রমণের ঝুঁকি রোধে নিরাপত্তা ও সতর্কতা অবলম্বন প্রসঙ্গে সচেতনতামূলক তথ্যাবলী।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19) সারা বিশ্বে আতঙ্ক হিসেবে বিরাজ করছে। বাংলাদেশেও করোনা (COVID-19) ভাইরাস আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। এটি একটি সংক্রামক ভাইরাস। করোনা (COVID-19) ভাইরাসের সংক্রমণ হতে সুরক্ষার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারী এবং তাঁদের পরিবার পরিজনকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতঃ প্রচলিত স্বাস্থ্যসম্মত কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২। করোনাভাইরাসের সংক্রমণের ঝুঁকি রোধে যা করণীয়ঃ

- ঘন ঘন দুই হাত সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ পরিষ্কার করুন।
- হাঁচি বা কাশির সময় টিস্যু অথবা টিস্যু না থাকলে বাহুর ওপরের অংশ দিয়ে নাক-মুখ ঢেকে ফেলুন। তারপর ঢাকনা যুক্ত ময়লার পাত্রে ব্যব্যহৃত টিস্যুটি ফেলে দিন এবং উপরোক্ত নিয়মে হাত পরিষ্কার করে ফেলুন।
- যেখানে সেখানে কফ ও থুতু ফেলবেন না।
- হাত দিয়ে নাক, মুখ ও চোখ স্পর্শ থেকে বিরত থাকুন।
- উদ্ভূত পরিস্থিতিতে পরস্পরের মধ্যে হ্যান্ডশেক ও কোলাকুলি করা থেকে বিরত থাকুন।
- অসুস্থ ব্যক্তির খুব কাছে যাওয়া (৩ ফুটের মধ্যে) পরিহার করুন।
- একান্ত প্রয়োজন ছাড়া জনসমাগমস্থল এড়িয়ে চলুন।
- করোনা (COVID-19) এর লক্ষণ সমূহ সাধারণ ভাইরাসঘটিত জ্বরের মতই, যা নিম্নরূপঃ-

* জ্বর

* কাশি

* শরীর ব্যথা

* শ্বাসকষ্ট

- নিজের অথবা পরিবারের কারো উপরোক্ত লক্ষণ গুলো দেখা দিলে IEDCR (ইনস্টিটিউট অব এপিডেমোলজি ডিজিজি কন্ট্রোল এন্ড রিসার্চ) এ যোগাযোগ করুন। IEDCR হটলাইন নম্বরসমূহঃ ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫।

এমন পরিস্থিতিতে অন্যান্যদের নিরাপদ রাখার স্বার্থে একটি আলাদা কক্ষ একা অবস্থান করুন এবং সর্বাবস্থায় মাস্ক ব্যবহার করুন। একান্ত প্রয়োজন না হলে বাইরে যাবেন না এবং সুস্থ ব্যক্তিদের থেকে কমপক্ষে ৩ ফুট দূরত্ব বজায় রাখুন।

- করোনাভাইরাস (COVID-19) আক্রান্ত দেশ হতে আসার অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার ১৪ দিনের মধ্যে উপরের যে কোন লক্ষণ দেখা দিলে-


- ✓ নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- ✓ সুস্থ ব্যক্তি হতে ৩ ফুট দূরত্ব বজায় রাখুন
- ✓ আইইডিসিআর-এর হটলাইন নম্বরে যোগাযোগ করুন

- করোনাভাইরাস (COVID-19) আক্রান্ত দেশ থেকে ফেরা বাংলাদেশের নাগরিকদের স্বাস্থ্যসেবা প্রসঙ্গে

আক্রান্ত দেশ থেকে যদি কেউ এসে থাকেন এবং যাদের মধ্যে (COVID-19) রোগের কোন লক্ষণ দেখা যায়নি, তারা মোট ১৪ দিন ধরে স্বেচ্ছা কোয়ারান্টাইনে (Self Quarantine) থাকবেন।


- ✓ আক্রান্ত দেশ থেকে যদি কেউ এসে থাকেন এবং বাংলাদেশে অবস্থানের ১৪ দিনের মধ্যে (COVID-19) রোগের লক্ষণ দেখা দেয় তবে তাৎক্ষণিক ভাবে আইইডিসিআর হটলাইনে ফোন করবেন।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এই পরিপত্র জারী করা হলো।


 মোঃ মুজিবুর রহমান
 সচিব
 বাপাউবো, ঢাকা
 মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



সচিব ২৪/০৩/২০২০

বাপাউবো, ঢাকা

মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

বিতরণঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো,
- ২। প্রধান, মনিটরিং/পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ৩। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)....., বাপাউবো,
- ৫। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো,
- ৭। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (পরিপত্রটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।


উপ-পরিচালক (বোর্ড) ২৪/০৩/২০২০
বাপাউবো, ঢাকা